

সাহিত্য অ্যাকাডেমি পাচ্ছেন ইংরেজির শিক্ষক

এই সময়, আলিপুরদুয়ার: তেলুগু সাহিত্যিক ওয়াই বি সতানারায়ণের 'মাই ফাদার বালিয়া' নামের এক দলিত তেলুগু পরিবারের আত্মকথা বাংলায় অনুবাদ করে এ বছর সাহিত্য অ্যাকাডেমি পুরস্কার পাচ্ছেন আলিপুরদুয়ারের সৌভিক দে সরকার। তিনি আলিপুরদুয়ারের গোবিন্দ হাইস্কুলের ইংরেজির শিক্ষক।

৩০ ডিসেম্বর সাহিত্য অ্যাকাডেমির তরফে এক প্রেস বিজ্ঞপ্তি জারি করে এ বছরের সাহিত্য অ্যাকাডেমি

পুরস্কার প্রাপকদের নাম ঘোষণা করা হয়েছে। সৌভিক দে সরকারের সঙ্গে আরও দু'জন এবার অনুবাদ সাহিত্যে অ্যাকাডেমি পাচ্ছেন। যাদের মধ্যে ঝাড়খামের লক্ষ্মণ কিঙ্কুও রয়েছেন।

অনুবাদ সাহিত্যে পুরস্কৃত আলিপুরদুয়ারের সৌভিক

এছাড়াও এবারের সাহিত্য অ্যাকাডেমি পুরস্কার প্রাপকদের তালিকায় ঠাই পেয়েছেন মণিপুরের সালাম তোঙ্গা। প্রতি বছর দেশের মোট ২২টি ভাষার

জন্য অ্যাকাডেমি পুরস্কার দেওয়া হয়। উত্তরবঙ্গ থেকে অমিয়ভূষণ মজুমদার, গিরিজাশঙ্কর রায়, জীবন রাণার পর চতুর্থ ব্যক্তি হিসেবে সাহিত্য অ্যাকাডেমি পুরস্কার পাচ্ছেন

সৌভিক। তাঁর পুরস্কারপ্রাপ্তির কথা জানাজানি হতেই আলোড়ন তৈরি হয়েছে আলিপুরদুয়ারের সাহিত্যচর্চার আঙিনায়।

সৌভিক বলেন, 'অনুবাদ সাহিত্য আমাকে ভীষণ টানে। ২০১৭-য় তেলুগু সাহিত্যকর্মটির প্রতি আকর্ষণ অনুভব করি। মূলত দলিতদের কী ভাবে দক্ষিণ ভারতে ব্রাহ্মণ্যবাদের বিরুদ্ধে অসম লড়াইয়ে নেমে নিজেদের প্রতিষ্ঠিত করতে হয়েছে, দেড়শো বছরের সেই ইতিহাস বইটির উপজীব্য। বইটি অনুবাদ করতে আমার বছর দেড়েক সময় লেগেছে। যে কোনও পুরস্কারই সম্মানের, সাহিত্য অ্যাকাডেমি পুরস্কার পেয়ে সুখানুভূতি হচ্ছে।'